LOTO সম্পর্কে সঠিক ধারণা (লকিং ডিভাইস, সাইনেজ) কর্ম পদ্ধতি

LOTO কী (লকিং ডিভাইস ও সাইনেজ)?

LOTO বলতে বোঝায় "লক-আউট, ট্যাগ-আউট" যার অর্থ রক্ষণাবেক্ষণ/পরিষ্কার/মেরামত কাজের উদ্দেশ্যে সংশ্লিষ্ট মেশিনের অপারেটিং স্থগিত হওয়ার পরে অন্যদের মেশিন পরিচালনা থেকে বিরত রাখার জন্য স্টার্টিং ডিভাইসে একটি লকিং ডিভাইস বা সাইনেজ ইনস্টল করার ব্যবস্থা।

প্রযোজ্য সংবিধি : পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্যের স্থানীয় বিধির অনুচ্ছেদ 92

LOTO কর্ম পদ্ধতি কেন আবশ্যক?

- যেহেতু কর্মস্থলে রক্ষণাবেক্ষণ/পরিষ্কার/মেরামতের কাজের সময় মেশিন/ফ্যাসিলিটির অঘোষিত অপারেশনের কারণে প্রতি বছর 40 জনেরও বেশি লোক মারা যায়, সেহেতু কর্মীদের সুরক্ষা নিশ্চিত করার জন্য LOTO (লক-আউট, ট্যাগ-আউট) কর্মপদ্ধতি সম্পূর্ণরূপে মেনে চলা প্রয়োজন।



কোন অপারেশনে LOTO কর্ম পদ্ধতির প্রয়োজন?

- কোনো কাজের সাইটে মেশিন/ফ্যাসিলিটির রক্ষণাবেক্ষণ/পরিষ্কার/ মেরামত কাজ পরিচালনার ক্ষেত্রে
  - মেশিন/ফ্যাসিলিটি থেকে সুরক্ষা ডিভাইস অপসারণ বা সাময়িকভাবে স্থগিত করার কার্যক্রম;
  - অপারেশনের যেক্ষেত্রে মেশিন/ফ্যাসিলিটি চালু অবস্থায় কর্মীর দেহের কোনো অংশ মেশিনের অপারেটিং অংশ বা বিপজ্জনক সাইটের কাছাকাছি পৌঁছায়;
  - রক্ষণাবেক্ষণ কাজের সময় ভুল-অপারেশনের কারণে অঘোষিতভাবে গতিশীল হওয়ার ঝুঁকি প্রবণ অপারেশন, ইত্যাদি;

LOTO কর্ম পদ্ধতি

1 পাওয়ার শাট অফের প্রস্তুতি	অপারেশনের আগে সংশ্লিষ্ট কর্মীদের অপারেশনের বিবরণ অবহিতকরণ।
2 মেশিন/ফ্যাসিলিটির অপারেশন স্থগিতকরণ	পূর্বনির্ধারিত আদেশ অনুযায়ী প্রাসঙ্গিক মেশিন/ফ্যাসিলিটির অপারেশন স্থগিতকরণ
3 পাওয়ার শাট-অফ এবং বর্তমান শক্তির যাচাইকরণ	মেশিন/ফ্যাসিলিটির মেইন পাওয়ারের উত্স স্পষ্টভাবে বন্ধ করে অবশিষ্ট শক্তি যাচাইকরণ।
4 LOTO ইন্সটলেশন	দায়িত্বে থাকা অপারেটর পাওয়ার সাপ্লাইতে লকিং ডিভাইস এবং সাইনেজ ইনস্টল করার পরে পৃথক চাবি রাখবেন।
5 কাজ বাস্তবায়ন	মেশিন/ফ্যাসিলিটি বন্ধ হওয়া যাচাইয়ের পরে রক্ষণাবেক্ষণ/পরিষ্কার/মেরামত কাজ বাস্তবায়ন
6 পরিদর্শন ও যাচাইকরণ	মেশিন/ সুবিধার আশেপাশের অবস্থা এবং সংশ্লিষ্ট কর্মীদের সুরক্ষা যাচাইকরণ ।
7 LOTO খোলা	দায়িত্বে থাকা অপারেটরকে নিজে লকিং ডিভাইস এবং সাইনেজ খুলতে হবে।
8 মেশিন/ফ্যাসিলিটির অপারেশন পুনরায় চালু	সমাপ্তির পরে সংশ্লিষ্ট কর্মীদের প্রাসঙ্গিক বিবরণ অবহিতকরণ।

LOTO ধরন

লকিং ডিভাইস

বৈদ্যুতিক শক্তি নিয়ন্ত্রণ

বৈদ্যুতিক লকিং ডিভাইস

স্টার্টিং সুইচ লকিং ডিভাইস

হাইড্রোলিক/নিউমেটিক/বাষ্প শক্তি নিয়ন্ত্রণ

গেট ভালভ লকিং ডিভাইস

বল ভালভ লকিং ডিভাইস

লক ও ল্যাচ

লক

ল্যাচ (হ্যাস্প)



সাইনেজ



※ এই পণ্যগুলোর ছবি KOSHA-র সাথে সম্পর্কিত নয়

2023-교육혁신실-396

LOTO পরিদর্শনের জন্য চেকলিস্ট

কর্মস্থলের নাম	
বিভাগ	
অবস্থান	
সরঞ্জামের নাম	

	মূল্যায়নের বিষয়	হ্যাঁ	না
1	প্রতিটি মেশিন/ফ্যাসিলিটির LOTO পদ্ধতি বিস্তারিতভাবে প্রস্তুত করা হয়েছে কিনা?		
2	LOTO পদ্ধতিতে কর্মীদের প্রশিক্ষণ কিভাবে পরিচালিত হয়?		
3	কর্মী কি সংশ্লিষ্ট মেশিন/ফ্যাসিলিটির জন্য লক করা বিপজ্জনক শক্তির উত্স সম্পর্কে অবগত?		
4	LOTO কর্মপদ্ধতি শুরু হওয়ার আগে কি সকল কর্মীকে অবহিত করা হয়েছে?		
5	LOTO ব্যবহারের পরে প্রতিটি মেশিন/ফ্যাসিলিটি মেরামত কাজের জন্য কর্মীদের মনোনীত করা হয়েছে?		
6	কর্মীরা কি মেশিন/ফ্যাসিলিটির জন্য বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা সহ LOTO কর্ম পদ্ধতি পুরোপুরি মেনে চলছেন?		
7	কর্মীরা কি LOTO খুলে নেওয়ার আগে নিম্নলিখিত যাচাই করছে? 7-1. তিনি কি মেশিন/ফ্যাসিলিটি পরিদর্শনের মাধ্যমে অপারেশনাল পরিস্থিতি সন্তোষজনক কিনা তা পরীক্ষা করেছেন? 7-2. তিনি কি পরীক্ষা করে দেখেছেন যে অন্য কর্মীরা নিরাপদে অবস্থান করছে কিনা?		
8	সকল কর্মীকে কি অবহিত করা হয়েছে যে LOTO ডিভাইসটি সরানো হয়েছে?		

অন্যান্য পরিপালন ইস্যু

- যখন মেশিন / ফ্যাসিলিটি নতুনভাবে ইনস্টল, পরিবর্তিত, মেরামত বা প্রতিস্থাপন করা হয়, তখন এই জাতীয় মেশিন / ফ্যাসিলিটির কাঠামো কি পাওয়ার ব্লকিং ডিভাইসের জন্য ডিজাইন করা হয়েছে যা কোনো কর্মী সহজেই লক করতে পারে? হ্যাঁ ☐ না ☐

- যখন LOTO কর্ম পদ্ধতিতে কার্যসম্পাদনের সময় শিফট ভিত্তিক কাজের কারণে কর্মী পরিবর্তন হয়, তখন পরিবর্তিত কর্মী কি প্রথমে লক আটকে দেয়? হ্যাঁ ☐ না ☐

- যখন এনার্জি ব্লকিং ডিভাইস নিষ্ক্রিয় থাকে, তখন কি সতর্কতা দেওয়া হয়, "বর্তমানে নিয়ন্ত্রণাধীন যান্ত্রিক সরঞ্জাম পরিচালনা করবেন না", সাইনেজ (ট্যাগ আউট) দিয়ে কি জারি করা হচ্ছে এবং অন্যান্য কর্মীদের কাছে সহজেই দৃশ্যমান স্থানে কি দৃঢ়ভাবে ইনস্টল করা হচ্ছে? হ্যাঁ ☐ না ☐

OPEN 공공누리 공공저작물 자유이용허락